



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-৩৬.১৬.০০০০.০০৯.২৫.০০২.১৮-৩৮

তারিখঃ ২০.০১.২০১৯খ্রিঃ

অফিস আদেশ

আগামী ২২ জানুয়ারি ২০১৯, ০৯ মাঘ ১৪২৫, মঙ্গলবার, এম. এ. আজিজ স্টেডিয়াম, চট্টগ্রামে ৪৮তম শীতকালীন জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা মহোদয়কে আমন্ত্রণ জানানো হয়েছে। চেয়ারম্যান মহোদয় উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উল্লেখ্য, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ আলমগীর।

এ লক্ষ্যে চেয়ারম্যান মহোদয় আগামী ২১.০১.২০১৯খ্রিঃ তারিখ সোমবার চট্টগ্রাম এর উদ্দেশ্যে বিমানযোগে ঢাকা ত্যাগ করবেন এবং অনুষ্ঠান শেষে ২২.০১.২০১৯ খ্রিঃ তারিখ রাত ০৮.২৫ ঘটিকায় ঢাকার উদ্দেশ্যে বিমানযোগে রওনা হবেন।

বিধি মোতাবেক তিনি ভাতাদি প্রাপ্য হবেন। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

স্মারক নং-৩৬.১৬.০০০০.০০৯.২৫.০০২.১৮-৩৮(১১)

তারিখঃ ২০.০১.২০১৯খ্রিঃ

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৪. পুলিশ সুপার, চট্টগ্রাম।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
১০. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪